JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/13/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

দেশের সবচেয়ে শক্তিশালী পেইড ফ্যামিলি লিভের প্রথম বর্ষের সফলতা ঘোষণা করেন গভর্নর কুওমো

নতুন রিপোর্টে দেখা যাচ্ছে 8,000,000 এর বেশি কর্মীরা এই সুবিধা লাভের উপযুক্ত এবং 128,000 এর বেশি নিউ ইয়র্কের বাসিন্দারা প্রথম বছরে পেইড ফ্যামিলি লিভ ব্যবহার করেছেন

নিউ ইয়র্ক পেইড ফ্যামিলি লিভের প্রথম বর্ষে সামগ্রিক অংশগ্রহনের হারে অন্যান্য রাজ্যদের ছাড়িয়ে গেছে; পেইড লিভ ব্যবহার করা পুরুষদের শতকরা হার; এবং পরিবারের সদস্যদের দেখাশোনার জন্য যেসব কর্মীরা ছুটি নিয়েছিলেন তাদের শতকরাও অন্য রাজ্যদের তুলনায় বেশি

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের যুগান্তকারী পেইড ফ্যামিলি লিভ 8 মিলিওনের বেশি কর্মীদের কাজ সুরক্ষিত রেখে সবেতন ছুটি প্রদান করেছে এবং দেশব্যাপী 128,000 এর বেশি কর্মীরা এর লাভ নিয়েছেন 2018 সালে। যে 8 মিলিয়ন কর্মীরা এই সুবিধা লাভের উপযুক্ত, তাদের মধ্যে 2 মিলিয়ন এর বেশি কর্মীদের ফেডারেল ফ্যামিলি ও মেডিক্যাল লিভ অ্যাক্ট এর অধীনে কোন আগের কভারেজ বা সুরক্ষা ছিল না। অন্যান্য রাজ্যের তুলনায় 'পেইড ফ্যামিলি লিভ'-এর প্রথম বর্ষে, নিউ ইয়র্কের সবচেয়ে বেশি সার্বিক অংশগ্রহণের হার ছিল, সর্বোচ্চ শতাংশ পুরুষ এখানে পেইড ফ্যামিলি লিভ ব্যবহার করেছেন, এবং সর্বোচ্চ শতাংশ সেই কর্মীদের যারা পেইড ফ্যামিলি লিভ ব্যাবহার করেছেন পরিবারের গুরুতরভাবে অসুস্থ সদস্যদের যত্ন করার জন্য। নিউ ইয়র্কে, কর্মীরা পেইড ফ্যামিলি লিভ ব্যাবহার করতে পারেন তাদের নতুন সন্তানকে সময় দিতে, যখন কারো পত্নী, গার্হস্থ্য সঙ্গী, শিশু বা অভিভাবককে বিদেশে সক্রিয় সামরিক সেবায় ডাকা হয়, তখন পারিবারিক চাপ দূর করতে সাহায্য করতে, অথবা পরিবারের সদস্যদের গুরুতর শারীরিক বা মানসিক স্বাস্থ্য নিয়ে পরিচর্যা করতে।

"নিউ ইয়র্ক জাতির সবচেয়ে শক্তিশালী পেইড ফ্যামিলি লিভ আইন প্রণয়ন করেছে যাতে কাউকে চাকরি হারানো এবং সন্তানের জন্ম বা অসুস্থ পরিবারের সদস্যদের দেখাশোনা করার মধ্যে একটিকে বেছে নিতে না হয়", **গভর্নর কুওমো বলেন।** "প্রথম বছর আমরা ইতিমধ্যেই অভাবনীয় ফলাফল দেখছি - হাজার হাজার কর্মীরা এই গুরুত্বপূর্ণ সুবিধা কাজে লাগিয়েছেন এবং আরও কয়েক লক্ষ কর্মীরা চাকরি-সুরক্ষিত, সবেতন ছুটির সুযোগ পেয়েছেন। এই প্রাথমিক সাফল্য আরও একবার আমাদের অঙ্গীকার প্রমান করে যে শুধু প্রগতিশীল নীতির বিধান করাই নয়, বাস্তবে দীর্ঘমেয়াদি ফলাফল অর্জন করা।"

"একজন মা হিসাবে, আমি জানি কর্মক্ষেত্রে এবং বাড়ির দায়িত্বের মধ্যে ভারসাম্য বজায় রাখা কতটা কঠিন", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কোনো পরিবারকে বেতন অর্জন এবং সন্তান বা অসুস্থ অভিভাবকের দেখাশোনা করার মধ্যে একটি বেছে নিতে বাধ্য হওয়া উচিৎ না। এই কারণে নিউ ইয়র্কে, আমাদের জাতির মধ্যে সবচেয়ে বুদ্ধিগম্য পেইড ফ্যামিলি লিভ প্রোগ্রাম আছে যে অন্যান্য রাষ্ট্রদের অনুসরণ করার জন্য একটি আদর্শ হিসাবে কাজ করে। এই বিস্তৃত প্রোগ্রাম আমাদের নিরন্তর প্রচেষ্টার অংশ যা সকল কঠোর পরিশ্রমী নারী-পুরুষের জন্য সমান প্রবেশাধিকার এবং সুযোগ নিশ্চিত করে।"

নিউ ইয়র্ক পেইড ফ্যামিলি লিভের প্রথম বর্ষের একটি বিস্তৃত রিপোর্টের জন্য **পেইড ফ্যামিলি লিভ 2018 2018 ইন রিভিউ** দেখুন।

প্রথম বছরে পেইড ফ্যামিলি লিভ নেন এমন কর্মীদের বেশিরভাগেরই আয় বছরে 60,000 মার্কিন ডলারের কম, এবং যেই শ্রেণী সব চেয়ে বেশি দাবি দাখিল করেন তাদের আয় 40,000 মার্কিন ডলারের কম।

পাওয়া সুবিধা আরও শক্তপোক্ত হয়েছে এ বছর। জানুয়ারী 1, 2019, থেকে আধিকাংশ নিউ ইয়র্কের কর্মীরা 10 সপ্তাহ পর্যন্ত কাজ-সুরক্ষিত সবেতন ছুটি গ্রহণ করার যোগ্য হয়ে ওঠে, তাদের গড় সাপ্তাহিক মজুরির 55 শতাংশ পেয়ে। এটি 2018 সালের আট সপ্তাহের সুভিধা 50 শতাংশ বেতনের থেকে বেড়ে হয়েছে।

উপরন্তু, গভর্নর কুওমো গত 3 ফেব্রুয়ারী 2019-এ আইন স্বাক্ষর করেন, যে প্রদান করা পেইড ফ্যামিলি লিভ আইনে দেওয়া 'গুরুতর স্বাস্থ্য পরিস্থিতি' এর সংজ্ঞা স্পষ্টভাবে অন্তর্ভুক্ত করে অঙ্গ বা টিস্যু দান সংক্রান্ত সার্জারির জন্য প্রস্তুতি এবং পুনরুদ্ধার, এবং নিশ্চিত করা যারা দান করেন তারা নিউ ইয়র্ক পেইড ফ্যামিলি লিভ-এর অধীনে তাদের যোগ্য পরিবারের সদস্যদের দেখাশোনায় থাকতে পারেন।

পেইড ফ্যামিলি লিভ বেনিফিট 2021 পর্যন্ত বেড়ে চলবে, যে সময়ে কর্মীরা তাদের গড় সাপ্তাহিক মজুরির 67 শতাংশে 12 সপ্তাহ পর্যন্ত সবেতন ছুটি পাওয়ার যোগ্য হবেন, যা দেশব্যাপী গড় সাপ্তাহিক মজুরির 67 শতাংশে সীমিত।

দারিদ্র বিরোধী সংগঠন 'কমিউনিটি সার্ভিস সোসাইটি' র যা পেইড ফ্যামিলি লিভের চ্যাম্পিয়ন, তার ভাইস প্রেসিডেন্ট ন্যান্সি রানকিন বলেন, "আজ, পেইড ফ্যামিলি লিভ বাস্তবায়নের প্রথম বছর পরিসংখ্যান প্রকাশের মাধ্যমে, আমরা এক বিশাল ইতিবাচক প্রভাব দেখছি নিউ ইয়র্কের কর্মীদের তাদের পরিবারকে দেখাশোনা করার জন্য সময় ও আর্থিক নিরাপত্তা দিতে। নিউ ইয়র্ক ছিল প্রথম রাষ্ট্র, যেখানে 12 সপ্তাহ চাকরি-সুরক্ষিত ছুটি প্রদান করা হয়েছিল, এবং সেটাই মূল; এটি নিম্ন আয়ের কর্মীদের এই সুবিধার সুযোগ নিতে সক্ষম করে, কারণ তারা জানে তাদের ফিরে আসার জন্য একটি কাজ আছে। অর্ধেকের বেশি দাবি ছিল নিউ ইয়র্কের কর্মীদের যাদের আয়

বছরে 60,000 মার্কিন ডলারের কম, আর দাবির একক সবচেয়ে বড় ভাগ — 30 শতাংশেরও বেশি — ছিল সেই লোকদের থেকে যারা বছরে 40,000 মার্কিন ডলারের কম উপার্জন করেন।"

আমেরিকান অ্যাসসিয়েশন অফ রিটায়ের্ড পার্সনস (American Association of Retired Person, AARP) নিউ ইয়র্কের স্টেট ডিরেক্টর বেথ ফিনকেল বলেন, "কর্মীবলের পারিবারিক পরিচর্যাকারীরা কৃতজ্ঞ যে, তাঁদের আর চাকরি ও পরিবারের সদস্যদের দেখাশোনা করার মধ্যে বেছে নিতে হয় না। নিউ ইয়র্কের শক্তিশালী পেইড ফ্যামিলি লিভ আইন সেই পরিচর্যাকারিদের জন্য সমালোচনামূলক সমর্থন প্রদান করছে, যারা পরিবার এবং কাজের দায়িত্বের ভারসাম্য রক্ষার জন্য সংগ্রাম করেন। গভর্নর কুওমো'র প্রতিষ্ঠিত এই আইনটি পরিচর্যাকারীদের সাহায্য করছে তাদের প্রিয়জনদের বয়সকালে ব্যয়বহুল এবং করদাতা-পোষিত প্রাতিষ্ঠানিক যত্নের সেটিংসে না পাঠীয়ে বাড়িতে সযত্নে রাখতে –যা 10 এর মধ্যে নয় জন নিউ ইয়র্কের বাসিন্দা চান। পেইড ফ্যামিলি লিভের সহায়তা নিউ ইয়র্কের প্রায় 2.6 মিলিয়ন পরিবারের পরিচর্যার জন্য সমালোচনামূলক, যারা বার্ষিক 31 বিলিয়ন মার্কিন ডলারের উপর মূল্যবান যত্ন প্রদান করেন এবং আমাদের স্বাস্থ্য পরিচর্যা তন্ত্রে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

মার্কিন সেনাবাহিনীর ভেটারান, নিউ ইয়র্ক সিটি ভেটারান্স অ্যালায়ান্সের (NYC Veterans Alliance) প্রতিষ্ঠাতা পরিচালক ক্রিস্টেন এল. রাউজ বলেন, "আমাদের সক্রিয় দায়িত্ব, রিজার্ভ, এবং জাতীয় রক্ষী পরিবারগণ যেন দৃশ্যমান এবং সমর্থিত মনে করেন যেহেতু তাদের প্রিয়জনদের আমাদের জাতির সেবায় নিয়োজিত করা হয়, এবং যেহেতু তারা ক্ষত নিয়ে ফিরে আশা প্রিয়জনদের যত্ন নেন। পেইড ফ্যামিলি লিভ থেকে লাভবান প্রতিটি সামরিক ও অভিজ্ঞ পরিবার আমাদের রাজ্য ও জাতির কাছে কতটা গুরুত্বপূর্ণ তা তাঁদের জানা উচিত। এই প্রথম বছরটি একটি দৃঢ় সূচনা, এবং আমরা আশা করি আরো সামরিক এবং অভিজ্ঞ পরিবারের সদস্যরা পেইড ফ্যামিলি লিভ ব্যবহার করবেন যাতে তারা বুঝতে পারেন এবং বিশ্বাস করেন যে এই গুরুত্বপূর্ণ সুবিধা দ্বারা প্রদত্ত সমর্থন তাদের প্রাপ্য।"

এ বেটার ব্যালেন্সের সহ-প্রতিষ্ঠাতা ও সহ-সভাপতি শেরি লেইওয়ান্ট ও ডিনা বাস্ট বলেন, "কোনও কর্মীকে তাদের প্রিয়জনের পরিচর্যা ও তাদের পাওনা আদায়ের মধ্যে অসম্ভব বাছাই করতে না হয় তা নিশ্চিত করার লড়াইয়ে নিউ ইয়র্কের পেইড ফ্যামিলি লিভ ল্য এক যুগান্তকারী পদক্ষেপ। আমাদের হটলাইনে যারা আমাদের সাথে যোগাযোগ করেন তাদের কাছ থেকে আমরা জানতে পারি কি পরিবর্তন পেইড ফ্যামিলি লিভ নিউ ইয়র্কের বাসিন্দাদের জন্য তৈরি করেছে এবং আমরা এই সংখ্যা দেখে খুশি যা প্রমান করে এই আইনটি কতটা গুরুত্বপূর্ণ। এই প্রোগ্রামের সাফল্য প্রমাণ করে যে নিউ ইয়র্ক প্রবর্তক হিসাবে সফলভাবে প্রগতিশীল কর্মক্ষেত্রের নীতিমালা প্রণয়ন করছে এবং আমরা আশাবাদী যে নিউ ইয়র্ক থেকে এই সংবাদটি অন্যান্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকারকে উৎসাহিত করবে পেইড ফ্যামিলি লিভ আর সব শ্রমিকের জন্য মেডিকেল লিভ প্রদান করতে।"

নিউইয়র্ক পেইড লিভ কোয়ালিশনের (New York Paid Leave Coalition) প্রাক্তন নির্বাহী পরিচালক ডোনা ডোলান বলেন, "আমরা আনন্দিত নিউ ইয়র্কের যুগান্তকারী পেইড ফ্যামিলি লিভ আইনের ইতিবাচক প্রথম বর্ষের ফলাফল দেখে এবং এর যে প্রভাব রাজ্যের সমস্ত নতুন পিতামাতা

ও পরিচর্যাকারীদের উপর পড়েছে, তাদের এই গুরুত্বপূর্ণ সময়ে বড় আর্থিক স্থিতিশীলতা এবং কাজের নিরাপত্তা দিতে সক্ষম হয়েছে। আমরা এক শক্তিশালী বাস্তবায়ন প্রচেষ্টার নেতৃত্ব দেয়ার জন্য গভর্নর কুওমোর প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ, পাশাপাশি কয়েক ডজন রাজ্যের সংস্থার কাজ এবং রাজ্যের বিভিন্ন সমর্থক ও সংগঠনের নেটওয়ার্কের মাধ্যমে যেসব সম্প্রদায় তাদের প্রয়োজনীয় তথ্য দিয়ে থাকে এই শক্তিশালী নতুন সুবিধা ব্যবহার করতে।"

অধিকাংশ কর্মী যারা ব্যক্তিগত নিয়োগকর্তার জন্য কাজ করেন তারা পেইড ফ্যামিলি লিভের আওতাভুক্ত; সরকারি নিয়োগকর্তারা এর জন্য প্রস্তাব করতে পারেন। পূর্ণ সময় এবং আংশিক সময়ের কর্মী উভয়েই পেইড ফ্যামিলি লিভ নেওয়ার যোগ্য হয়ে উঠতে পারেন। যে কর্মীরা নিয়মিত 20 ঘন্টার বেশি সপ্তাহে কাজ করেন, তাঁরা একই নিয়োগকর্তার জন্য টানা 26 সপ্তাহ কাজ করার পর যোগ্য হয়ে ওঠেন। যে কর্মীরা নিয়মিত সপ্তাহে 20 ঘন্টার কম কাজ করেন তারা একই নিয়োগকর্তার জন্য 175 দিন কাজ করার পর যোগ্য হয়ে ওঠেন, যা পরপর হওয়ার প্রয়োজন নেই। নাগরিকত্ব বা অভিবাসনের অবস্থা কর্মচারীদের যোগ্যতার একটি ফ্যাক্টর নয়।

নিউ ইয়র্ক পেইড ফ্যামিলি লিভের সম্পূর্ণ বিবরণ, নিয়োগকর্তা ও শ্রমিকদের জন্য অসংখ্য সম্পদ সহ, পেইড ফ্যামিলি লিভ ওয়েবসাইটে উপলব্ধ, PaidFamilyLeave.ny.gov। যে কোনও প্রশ্ন নিয়ে 'পেড ফ্যামিলি লিভ হেল্পলাইন'-এ (844) 337-6303 ফোন করার জন্য জনসাধারণকে উৎসাহিত করা হয়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন